গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

# জুন ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. গাজী মোঃ সাইফুজ্জামান, মহাপরিচালক (গ্রেড-১) |
| সভার তারিখ ও সময় | : | ০৯/০৬/২০২৬, সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, যুব ভবন |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন-২) আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করেন।

**২.০ আলোচ্য বিষয়: গত সভার কার্যবিবরণী অনুমোদন**

২.১ আলোচনা: গত সভার কার্যবিবরণীর উপর উপস্থিত সকলের মতামত গ্রহণ করা হয়। কারো কোনো সংশোধনী প্রস্তাব নেই মর্মে সভায় উপস্থাপিত হয় এবং গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২.২ সিদ্ধান্ত: গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো।

৩.৩ বাস্তবায়নে: প্রশাসন উইং।

**৩.০ প্রশাসন উইং এর বিষয়াবলি**

**৩.১.০ আলোচ্য বিষয়: পদ সংরক্ষণ সংক্রান্ত**

৩.১.১ **আলোচনা:**

(ক) যুব উন্নয়ন অধিদপ্তরের মোট পদ সংখ্যা ৬৪৮৫টি। এ সকল পদের মধ্যে ২১৯৭টি পদ অস্থায়ী। অস্থায়ী পদগুলোর মধ্যে স্থায়ীকরণের লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত ২৪৯টি পদও অন্তর্ভুক্ত। অস্থায়ী পদগুলোর মেয়াদ সংরক্ষণ ও স্থায়ী করার জন্য সুনির্দিষ্ট তথ্য ও প্রয়োজনীয় ডকুমেন্টস সংগ্রহ করে স্বয়ংসম্পন্ন প্রস্তাব প্রেরণের লক্ষ্যে গত ২৩ ডিসেম্বর ২০২৫ তারিখে ০৯ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। ০৯/০৪/২০২৬ খ্রি. তারিখে কমিটির ২য় সভা অনুষ্ঠিত হয়েছে। যথা শীঘ্র মন্ত্রণালয় প্রস্তাব প্রেরণ করা হবে।

(খ) যুব উন্নয়ন একাডেমির ৪টি পদ সংরক্ষণের বিষয়ে ০৯/০৪/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার আলোচনা সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**৩.১.২ সিদ্ধান্ত:**

(ক) ২৪৯টি পদসহ প্রযোজ্য অন্যান্য পদসমূহ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণের বিষয়ে কমিটি দ্রুততম সময়ের মধ্যে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) যুব উন্নয়ন একাডেমির মেডিক্যাল অফিসার ১টি, কম্পিউটার অপারেটর ১টি, ইমাম ১টি, নিরাপত্তা প্রহরী ১টি, মোট ৪টি পদ সংরক্ষণের জন্য যুব উন্নয়ন একাডেমি হতে প্রাপ্ত প্রস্তাব যাচাই-বাছাই ও পর্যালোচনা করে কমিটির সিদ্ধান্ত মোতাবেক দ্রুততম সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**৩.২.০ আলোচ্য বিষয়: জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন**

৩.২.১ **আলোচনা:** সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে ফিডার পদধারী প্রধান সহকারী, প্রধান সহকারী কাম হিসাব রক্ষক বা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে কর্মরতদের জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন করা হয়েছে। যতশীঘ্র সম্ভব পদোন্নতির কার্যক্রম সম্পন্ন করা হবে।

**৩.২.১ সিদ্ধান্ত:** সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এর শূন্য পদে দ্রুত পদোন্নতির জন্য যাদের প্রয়োজনীয় তথ্যাদি সঠিক আছে তাদের পদোন্নতির ব্যবস্থা নিতে হবে।

**৩.৩.০ আলোচ্য বিষয়: নবনিয়োগ সংক্রান্ত**

**৩.৩.১ আলোচনা:**

(ক) সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদে সরাসরি নিয়োগযোগ্য ২৪২(দুইশত বিয়াল্লিশ) টি শূন্যপদে জনবল নিয়োগের লক্ষ্যে ১৭ মে ২০২৬ খ্রি. তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আবেদন দাখিলের মেয়াদ ২৪/০৫/২০২৬ খ্রি. তারিখ থেকে ২৩/০৬/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত।

(খ) অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদের সংখ্যা ১৬৪টি এর মধ্যে ১২টি পদ পার্বত্য জেলায় অন্তর্ভুক্ত। ১৫২টি পদের জনবল নিয়োগ করা যাবে। ১৫২টি পদের মধ্যে পূর্বের গৃহীত ছাড়পত্র মোতাবেক ১০৩টি পদে (পূর্বের ৪৬ পদ) নিয়োগের লক্ষ্যে (বর্তমান ১,০৫,১৫৬+পূর্বের ৬৩,৬৬১) মোট ১,৬৮,৮১৭ টি আবেদন জমা পড়েছে। টেলিটকের সাথে যোগাযোগ অব্যাহত আছে। আগামী ২৭/০৬/২০২৬ খ্রি. তারিখ নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

(গ) অবশিষ্ট শূন্য পদে ছাড়পত্র গ্রহণ করে বিধি মোতাবেক নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৩.৩.২ সিদ্ধান্ত:**

(ক) সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদে নিয়োগের লক্ষ্যে টেলিটকের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

(খ) অফিস সহায়কের শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষার জন্য কেন্দ্র নির্বাচন করে টেলিটকের সাথে যোগাযোগপূর্বক নিয়োগের কার্যক্রম দ্রুততার সাথে সুষ্ঠুভাবে এগিয়ে নিতে হবে।

(গ) অন্যান্য সরাসরি শূন্যপদসমূহে নিয়োগের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণের ব্যবস্থা নিতে হবে।

**৩.৪.০ আলোচ্য বিষয়: বিভাগীয় কার্যালয় স্থাপন সংক্রান্ত**

**৩.৪.১ আলোচনা:**

(ক) বিভাগীয় কার্যালয় স্থাপন ও কর্মকর্তা কর্মচারীর পদ সৃজন প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে সারসংক্ষেপ প্রেরণ করা হয়েছে।

**৩.৪.২ সিদ্ধান্ত:**

(ক) বিভাগীয় কার্যালয় স্থাপন সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

**৩.৫.০ আলোচ্য বিষয়: পেনশন কেইস নিষ্পত্তি বিষয়ক**

**৩.৫.১ আলোচনা: পেনশন নথির চলমান হিসাব**

| পূর্বের জের (নথি) | মে-২০২৫ মাসে প্রাপ্ত নথি | মোট | নিষ্পত্তি (বিবেচ্য মাসে) | অবশিষ্ট |
|---|---|---|---|---|
| ৩০ | ২০ | ৫০ | ২০ | ৩০ |

| অবশিষ্ট | |
|---|---|
| সিড ফাইন্যান্সিং উইং এ প্রক্রিয়াধীন | কল্যাণ শাখায় প্রক্রিয়াধীন |
| ২৫ | ০৫ |

**৩.৫.২ সিদ্ধান্ত:**

ক) পেনশন কেইস নিষ্পত্তির বিষয়ে হার্ড নথিতে সিদ্ধান্ত গ্রহণ করে ডি-নথির মাধ্যমে জিও জারি করতে হবে।

খ) কোন কর্মকর্তা-কর্মচারী মৃত্যুবরণ করলে বিধিমোতাবেক তার পেনশন দ্রুত নিষ্পত্তি করতে হবে।

গ) পেনশন কেইস দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে যুব ঋণের ছাড়পত্র প্রাপ্তির ক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্থলের কর্মকাল উল্লেখ করতে হবে।

**৩.৬.০ আলোচ্য বিষয়: বিভাগীয় মামলা, প্রশাসনিক ট্রাইব্যুনালে মামলা ও ফৌজদারী মামলা**

**৩.৬.১ আলোচনা:**

| | দপ্তর | বিগত মাসের জের | বিবেচ্য মাসে দায়েরকৃত | মোট | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত | অবশিষ্ট (জের) মামলা | গত সভার সিদ্ধান্ত | সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম | সিদ্ধান্ত গ্রহণের প্রস্তাব | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | যুব উন্নয়ন অধিদপ্তর | ১৪টি | ০১টি | ১৫টি | - | ১৫টি | - | সিদ্ধান্ত মোতাবেক মামলা নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। | - | - |

**৩.৬.১ সিদ্ধান্ত:** বিভাগীয় মামলা সংক্রান্ত কার্যক্রম বিধি মোতাবেক দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**৩.৭.০ আলোচ্য বিষয়: প্রকাশনা সংক্রান্ত**

৩.৭.১ **আলোচনা:** জানুয়ারি-মার্চ ২০২৬ প্রান্তিকের যুববার্তায় ৬২তম সংখ্যা মাঠ পর্যায়ে বিতরণ করা হয়েছে। এপ্রিল-জুন ২০২৬ প্রান্তিকের যুব বার্তার ৬৩তম সংখ্যা প্রণয়নের নিমিত্ত তথ্য/উপাত্ত সংগ্রহ করা হচ্ছে।

**৩.৭.২ সিদ্ধান্ত:** যুববার্তা ৬৩ তম সংখ্যা (এপ্রিল-জুন, ২০২৬) যথাসময়ে প্রকাশের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**৩.৮.০ আলোচ্য বিষয়: আইসিটি সেল**

৩.৮.১ **আলোচনা:** ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। পোর্টালের বিভিন্ন সেবাবক্স হালনাগাদসহ অফিস আদেশ, বিজ্ঞপ্তি, নোটিশ, প্রতিবেদন, বদলি আদেশ, কর্মকর্তাদের তালিকা, বাজেটের আদেশ, ফটোগ্যালারী ও প্রকাশনাসমূহ নিয়মিত পোর্টালে প্রকাশ করা হচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব পোর্টালে নতুন হালনাগাদ তথ্যের জন্য সকল উইং/দপ্তরে ইউও নোট দেওয়া হয়েছে মাঠ পর্যায়ে ওয়েব পোর্টাল হালনাগাদকরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। মহাপরিচালকের কার্যালয়ের ন্যায় মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা-কর্মচারীকে সকাল ৯.০০ টার মধ্যেই অফিসে উপস্থিতি নিশ্চিতের বিষয়ে আলোচনা হয়। এলক্ষ্যে ডিজিটাল হাজিরা সিস্টেম চালু করতে হবে। যাতে যে কোনো সময় উর্ধ্বতন কর্মকর্তাগণ মাঠ কার্যালয়ের হাজিরা পরীক্ষা করতে পারেন।

**৩.৮.২ সিদ্ধান্ত:**

(ক) মাঠ পর্যায়ের ওয়েব পোর্টাল হালনাগাদকরণের মাঠ পর্যায়ের যুব উন্নয়ন অধিদপ্তর এর সংশ্লিষ্ট অফিস প্রধানগণকে পত্র প্রদান করে স্ব-স্ব কার্যালয়ের সকল প্রয়োজনীয় তথ্য সন্নিবেশপূর্বক ওয়েব পোর্টাল হালনাগাদকরণের নির্দেশনার আলোকে ব্যবস্থা নিতে হবে।

(খ) মহাপরিচালকের কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের ডিজিটাল হাজিরা মূল্যায়ন করতে হবে।

(গ) মাঠ পর্যায়ে সকল অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের সকাল ৯.০০ টার মধ্যে অফিসে উপস্থিত হতে হবে। উপস্থিতি যাতে যে কেনো সময় পরীক্ষা করা যায় সে জন্য ডিজিটাল ডিভাইস স্থাপনের ব্যবস্থা করতে হবে।

**৩.৯.০ আলোচ্য বিষয়: ডি-নথি**

৩.৯.১ আলোচনা:

| অর্থবছর: ২০২৫-২০২৬ মাসঃ মে/২০২৬ | | | | | | | | | দপ্তর/সংস্থার নামঃ যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম নং | দপ্তর/সংস্থা উইং/শাখার নাম | প্রাপ্ত ডাক | | | | উপস্থাপিত ডাক | | | পত্র জারি | | | | মোট ডি-নথিতে জারীকৃত পত্রের শতকরা (%) হার | মোট ডি-নথিতে নিষ্পত্তিকৃত নথির শতকরা (%) হার | মোট নিষ্পন্ন ডাক | মোট অনিষ্পন্ন ডাক |
| | | বিগত মাসের অনিষ্পন্ন ডাক | মুদ্রিত ডাক | ডি-ডাক | মোট ডাক | মুদ্রিত নথিতে উপস্থাপিত ডাক | ডি-নথিতে উপস্থাপিত ডাক | স্ব-উদ্যোগে ডি-নথি উপস্থাপন | মুদ্রিত নথিতে পত্র জারী | ডি-নথিতে পত্র জারী | মোট জারীকৃত পত্র | নথিজাত/আর্কাইভকৃত ডাক | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬=(৩+৪+৫) | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২=(১০+১১) | ১৩ | ১৪=(১১)×১০০ (১২) | ১৫=(৮+৯)×১০০ (৭+৮+৯) | ১৬=(১২+১৩) | ১৭=(৬+৯-১৬) |
| ১। | যুব উন্নয়ন অধিদপ্তর মহাপরিচালকের কার্যালয়, ঢাকা। | ০ | ২৩৮ | ১৭৮৫ | ২০২৩ | ০ | ১১৩ | ৭ | ০ | ১১৯ | ১১৯ | ১৯৬৯ | ১০০.০০ | ১০০.০০ | ২০৮৮ | ০ |
| | মোটঃ | ০ | ২৩৮ | ১৭৮৫ | ২০২৩ | ০ | ১১৩ | ৭ | ০ | ১১৯ | ১১৯ | ১৯৬৯ | ১০০.০০ | ১০০.০০ | ২০৮৮ | ০ |

(i) ডি-নথি সিস্টেমের মাধ্যমে বেশী সংখ্যক নথি নিষ্পত্তি করার জন্য সকলকে অনুরোধ করা হলো।

(ii) নথি রিপোর্টিং সিস্টেম এবং শাখা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি ম্যানুয়ালী করা হয়েছে।

(iii) বিগত সমন্বয় সভার সিদ্ধান্ত অনুসারে এবং ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা অনুসারে উইংভিত্তিক তথ্য নিয়ে এ প্রতিবেদনটি তৈরি করা হয়েছে।

**৩.৯.২ সিদ্ধান্ত:** সকল কার্যক্রম ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।

**৩.১০.০ আলোচ্য বিষয়: তথ্য অধিকার**

৩.১০.১ **আলোচনা:** তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা ২০২৫-২৬ এর আলোকে জানুয়ারি/২০২৬ হতে মার্চ/২০২৬ মাসের (৩য় ত্রৈমাসিক) অগ্রগতির প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া স্বপ্রণোদিত প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

**৩.১০.২ সিদ্ধান্ত:** পরবর্তী প্রান্তিকের ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয় প্রেরণ করতে হবে।

**৩.১১.০ আলোচ্য বিষয়: অভিযোগ প্রতিকার**

৩.১১.১ **আলোচনা:** অভিযোগ প্রতিকার মে/২০২৬ খ্রি. মাসে ২টি অভিযোগ পাওয়া যায়। ১টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। কর্মপরিকল্পনা ২০২৫-২৬ অনুযায়ী অন্যান্য কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন এবং প্রমানকসহ নির্ধারিত সময়ের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

**৩.১১.২ সিদ্ধান্ত:** অভিযোগ প্রতিকার নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৩.১২.০ আলোচ্য বিষয়: **সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি(জিপিএমএস)/বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)**

৩.১২.১ **আলোচনা:** যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রণীত Governance Performance Monitoring System (GPMS) এর কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত যুব উন্নয়ন অধিদপ্তর এর প্রযোজ্য বিষয়গুলো অর্থবছর অনুযায়ী বাস্তবায়ন করা হবে। জানুয়ারি ২০২৬ থেকে মার্চ ২০২৬ মাসের ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয় প্রেরণ করা হয়েছে।

৩.১২.২ **সিদ্ধান্ত:** সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/ Governance Performance Monitoring System (GPMS) কাঠামো সম্পর্কে ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ের নির্দেশনামতে বাস্তবায়ন করতে হবে। এক্ষেত্রে স্ব স্ব উইং যথাযথভাবে জিপিএমএস এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করবে।

**৩.১৩.০ আলোচ্য বিষয়: GEMS এর অগ্রগতি সংক্রান্ত**

৩.১৩.১ **আলোচনা:** সরকারি কর্মচারী বাতায়ন (GEMS)- এ কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য নিজ প্রোফাইলে এন্ট্রির জন্য পত্র জারী করা হয়েছে। এ সংশ্লিষ্ট কার্যক্রম চলমান রয়েছে।

**৩.১৩.২ সিদ্ধান্ত:** কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য GEMS এ হালনাগাদ করার জন্য Zoom Meeting করতে হবে।

**৩.১৪.০ আলোচ্য বিষয়: সমাপ্ত যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প সংক্রান্ত**

৩.১৪.১ **আলোচনা:** সমাপ্ত যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণার্থীগণের লাইসেন্স ফি বাবদ অবিতরণকৃত টাকা মাঠ পর্যায়ে রয়েছে। এ বিষয়ে তথ্য সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছে।

**৩.১৪.২ সিদ্ধান্ত:** সমাপ্ত যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের জেলাধীন উপপরিচালকগণ নিম্নবর্ণিত ছক মোতাবেক প্রতিমাসে অগ্রগতির প্রতিবেদন প্রধান কার্যালয় প্রেরণ করবেন। দ্রুত তথ্য সংগ্রহ করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

| ক্রমিক নং | ব্যাচ নং | অর্থবছর | প্রশিক্ষণার্থীর সংখ্যা | লাইসেন্স ফি খাতে বরাদ্দ | প্রশিক্ষণার্থীদের মধ্যে বিতরণকৃত লাইসেন্স ফি'র টাকার পরিমাণ (প্রমাণকসহ) | লাইসেন্স প্রাপ্তির সংখ্যা | অবিতরণকৃত লাইসেন্স ফি'র পরিমাণ | অবিতরণকৃত লাইসেন্স ফি সংরক্ষণের ব্যাংক হিসাবের শিরোনাম ও হিসাব নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

**৩.১৫.০ আলোচ্য বিষয়: যুব উন্নয়ন অধিদপ্তরের সম্পত্তি সংক্রান্ত**

৩.১৫.১ **আলোচনা:** যুব উন্নয়ন অধিদপ্তরের সম্পত্তির তালিকা পুস্তিকা আকারে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**৩.১৫.২ সিদ্ধান্ত:** মাঠ পর্যায় হতে দ্রুত তথ্য সংগ্রহ করে যুব উন্নয়ন অধিদপ্তরের সম্পত্তির তালিকা প্রণয়ন করে পুস্তিকা আকারে প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে হবে।

৩.১৫.৩ বাস্তবায়নে: প্রশাসন উইং।

**৩.১৬.০ আলোচ্য বিষয়: স্ব স্ব উইং এর অভ্যন্তরীণ সভা সংক্রান্ত**

৩.১৬.১ **আলোচনা:** মাসিক সমন্বয় সভার পূর্বে স্ব-স্ব উইং এর কার্যক্রমের বিষয়ে অভ্যন্তরীণ সভা করে কার্যবিবরণী প্রশাসন উইং এ প্রেরণ নিশ্চিত করণের বিষয়ে আলোচনা হয়।

**৩.১৬.২ সিদ্ধান্ত:** মাসিক সমন্বয় সভার পূর্বে স্ব-স্ব উইং এর কার্যক্রমের বিষয়ে সভা করে কার্যবিবরণী সমন্বয় সভার কমপক্ষে ২দিন পূর্বে প্রশাসন উইং এ প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩.১৬.৩ বাস্তবায়নে: সকল উইং।

## ৪.০ আলোচ্য বিষয়: অর্থ ও অডিট উইং এর বিষয়াবলি

**৪.১.১ আলোচনা:**

ক) যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্ব খাতের ২০২৫-২০২৬ অর্থবছরের মে-২০২৬ পর্যন্ত খরচের হিসাব বিবরণী ঃ

(অংকসমূহ শতকে)

| নং | কার্যালয়ের নাম | মোট বাজেট বরাদ্দ | সংশোধিত বাজেট বরাদ্দ | খরচ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | প্রধান কার্যালয় ঃ | ৫৬৯৯১৯০ | ৫৪৪৯১৪০ | ৪৬৪১৯৭৩ | ৮৫.১৮% |
| ০২. | জেলা কার্যালয়সমূহ ঃ | ১৬২৩৫৯১০ | ১৫২৯২৯৪০ | ১০৬৬৯১৩৪ | ৬৯.৭৬% |
| ০৩. | উপজেলা কার্যালয়সমূহ ঃ | ২৮৯১১৬৯০ | ২৭১৯৩১০০ | ২২২১০৯০৫ | ৮১.৬৭% |
| ০৪. | থানা কার্যালয়সমূহ ঃ | ৮৩৫৪১০ | ৮৪৩০০০ | ৬৭৬১৬৮ | ৮০.২০% |
| ০৫. | যুব প্রশিক্ষণ কেন্দ্রসমূহ ঃ | ১০১৫১০০০ | ৯৬১১৯২০ | ৭৬০২২৯৯ | ৭৯.০৯% |
| | সর্বমোট= | ৬১৮৩৩২০০ | ৫৮৩৯০১০০ | ৪৫৮০০৪৭৯ | ৭৮.৪৩% |

**২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট বরাদ্দ ৬১৮ কোটি ৩৩ লক্ষ ২০ হাজার টাকা।**

**২০২৫-২০২৬ অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দ ৫৮৩ কোটি ৯০ লক্ষ ১০ হাজার টাকা।**

প্রধান খাতসমূহের বরাদ্দ ঃ

০১। বেতন ভাতাদি ঃ ৪০১ কোটি ১৭ লক্ষ ৬১ হাজার টাকা (মোট বরাদ্দের ৬৮.৭১%)।
০২। প্রশিক্ষণ ঃ ৭৪ কোটি ২৩ লক্ষ ৬২ হাজার টাকা (মোট বরাদ্দের ১২.৭১%)।
০৩। অন্যান্য রাজস্ব ও মূলধন ব্যয় ঃ ১০৮ কোটি ৪৮ লক্ষ ৮৭ হাজার টাকা (মোট বরাদ্দের ১৮.৫৮%)।
সর্বমোট=ঃ ৫৮৩ কোটি ৯০ লক্ষ ১০ হাজার টাকা মাত্র। ১০০% ।

বাজেট বিতরণ ঃ

*২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট বরাদ্দ ০৯-০৭-২০২৫খ্রি: তারিখে মাঠ কার্যালয়সমূহে বিতরণ করা হয়েছে।
*২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ বাজেট বরাদ্দ ১৪-০৯-২০২৫খ্রি: তারিখে মাঠ কার্যালয়সমূহে বিতরণ করা হয়েছে।
*২০২৫-২০২৬ অর্থবছরের মে-২০২৬ পর্যন্ত ব্যয় ৪৫৮ কোটি ৪৭ হাজার ৯ শত টাকা। হার ৭৮.৪৩।

(খ) যুব উন্নয়ন অধিদপ্তরের সমন্বয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের মে ২০২৬খ্রি. পর্যন্ত অনিষ্পন্ন আপত্তির বিবরণ নিম্নরূপ: অংকসমূহ হাজার টাকায়)

| সাধারন | | | | | | অগ্রিম | | | | | | সর্বমোট অনিস্পন্ন আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আপত্তি | | বিগত মাসে নিষ্পত্তি | | মোট অনিস্পন্ন | | আপত্তি | | বিগত মাসে নিষ্পত্তি | | মোট অনিস্পন্ন | | | |
| সংখ্যা | জড়িত টাকা | সংখ্যা | জড়িত টাকা | সংখ্যা | জড়িত টাকা | সংখ্যা | জড়িত টাকা | সংখ্যা | জড়িত টাকা | সংখ্যা | জড়িত টাকা | সংখ্যা | জড়িত টাকা |
| ৩১২ | ৭৭,৬০,৬২ | ১ | ৪,৮৯ | ৩১১ | ৭৭,৫৫,৭৩ | ১১৩ | ৭৭,৮১,৮৫ | - | - | ১১৩ | ৭৭,৮১,৮৫ | ৪২৪ | ১৫৫,৩৭,৫৮ |

কথায়ঃ একশত পঞ্চান্ন কোটি সাঁইত্রিশ লক্ষ আটান্ন হাজার টাকা মাত্র।

যুব উন্নয়ন অধিদপ্তরের এপ্রিল ২০২৬খ্রি. মাস পর্যন্ত NON-SFI অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৩১২টি; যাতে জড়িত ৭৭,৬০,৬২,০০০/- টাকা এবং SFI অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ১১৩টি; যাতে জড়িত ৭৭,৮১,৮৫,০০০/-টাকা।

নিষ্পন্নঃ গত মে ২০২৬খ্রি. মাসে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত টেকাব প্রকল্পের ১টি NON-SFI আপত্তির নিষ্পত্তি পত্র সামাজিক অডিট অধিদপ্তর হতে পাওয়া যায়; যাতে জড়িত ৪,৮৯,২৭৫/-টাকা অর্থাৎ ৪,৮৯,০০০/-টাকা। সে হিসেবে NON-SFI আপত্তির সংখ্যা (৩১২-১)=৩১১টি এবং জড়িত (৭৭,৬০,৬২,০০০-৪,৮৯,০০০)=৭৭,৫৫,৭৩,০০০/-টাকা।

এমতাবস্থায়, যুব উন্নয়ন অধিদপ্তরের মে ২০২৬খ্রি. পর্যন্ত মোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা (৩১১+১১৩)=৪২৫টি; যাতে জড়িত (৭৭,৫৫,৭৩,০০০+৭৭,৮১,৮৫,০০০) =১৫৫,৩৭,৫৮,০০০/-(একশত পঞ্চান্ন কোটি সাঁইত্রিশ লক্ষ আটান্ন হাজার) টাকা।

উল্লেখ্য, এ অধিদপ্তরের ২০২৪-২০২৫ অর্থ বছরের ৩৫টি অডিট আপত্তির ব্রডশিট জবাব সংগ্রহের লক্ষ্যে সংশ্লিষ্ট কার্যালয়সমূহ বরাবর আপত্তি সম্বলিত অডিট পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে তাগিদ পত্রও প্রেরণ করা হয়েছে। অদ্যবধি ব্রডশিট জবাব পাওয়া যায়নি। উক্ত আপত্তিসমূহের ব্রডশিট জবাব পাওয়ার পর তা সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে।

**৪.১.২ সিদ্ধান্ত:**

(ক) অডিট আপত্তির শ্রেণি বিন্যাস করে দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রত্যেক আপত্তির জবাব প্রমাণকসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিতসহ হালনাগাদ রাখতে এবং আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য কার্যকর যোগাযোগ নিশ্চিত করতে হবে।

(খ) ঋণ বিষয়ক অডিট আপত্তির বিষয়গুলো পৃথক করে সেগুলো নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। অর্থ উইং এবং সিড ফাইন্যান্সিং উইং এর পরিচালকগণ এক্ষেত্রে সভা করে কর্মপন্থা নির্ধারণ করবেন।

## ৪.২.০ আলোচ্য বিষয়: বিদ্যুৎ, ভূমি উন্নয়ন কর, জ্বালানি বিল সংক্রান্ত

৪.২.১ আলোচনা: মহাপরিচালকের কার্যালয়ের জ্বালানি, বিদ্যুৎ ও পানি বিল সংক্রান্ত তথ্য :

| জ্বালানি বিল | | | বিদ্যুৎ বিল | | | পানি বিল | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| মোট বরাদ্দ | মাস | ব্যয় | মোট বরাদ্দ | মাস | ব্যয় | মোট বরাদ্দ | মাস | ব্যয় |

| জ্বালানি বিল | | | বিদ্যুৎ বিল | | | পানি বিল | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| মোট বরাদ্দ | মাস | ব্যয় | মোট বরাদ্দ | মাস | ব্যয় | মোট বরাদ্দ | মাস | ব্যয় |
| ৩,৫২,০০,০০০ | এপ্রিল, ২৫ | ১৬,৪০,২৩৩ | ৪৪,০০,০০০ | - | - | ১৯,৮০,০০০ | - | - |
| | মে, ২৫ | ২৩,৫৭,৪০২ | | মে, জুন, ২৫ | ৪,৭৯,৯৪৬ | | - | - |
| | জুন, ২৫ | ২৩,৬৬,৫০৪ | | | | | জুন, ২৫ | ৮৮,১৯৬ |
| | জুলাই, ২৫ | ২৩,৩৬,৮৫৮ | | জুলাই, ২৫ | ২,৫৯,২০১ | | জুলাই, ২৫ | ৮৭,১৩৩ |
| | আগস্ট, ২৫ | ১৯,৫২,৬২৩ | | আগস্ট, ২৫ | ২,৬২,৬৫৫ | | আগস্ট, ২৫ | ৮৫,০০৮ |
| | সেপ্টেম্বর, ২৫ | ২০,৮৫,১৭২ | | সেপ্টেম্বর, ২৫ | ২,৬২,৭৬৯ | | সেপ্টেম্বর, ২৫ | ৮৭,১৩৩ |
| | অক্টোবর, ২৫ | ২০,২৮,৫২৭ | | অক্টোবর, ২৫ | - | | অক্টোবর, ২৫ | ৮৫,০০৮ |
| | নভেম্বর, ২৫ | ১৭,৫৯,২৪০ | | নভেম্বর, ২৫ | ৩,৭৫,৬৫৮ | | নভেম্বর, ২৫ | ৮৬,০৭১ |
| | ডিসেম্বর, ২৫ | ২০,৭৩,৭৩৫ | | ডিসেম্বর, ২৫ | ৮৮,৯৭৮ | | ডিসেম্বর, ২৫ | ৮৫,০০৮ |
| | জানুয়ারি, ২৬ | ২১,১৪,৫২০ | | জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২৬ | ১,৫৪,৯২৬ | | জানুয়ারি, ২৬ | ৮৫,১১৪ |
| | ফেব্রুয়ারি, ২৬ | ২১,৭২,৬৫৯ | | | | | ফেব্রুয়ারি, ২৬ | ৮৬,০৭১ |
| | মার্চ, ২৬ | ১৮,০৭,৮২৯ | | মার্চ, ২৬ | ৮৯,১৮৭ | | মার্চ, ২৬ | ৮৫,০০৮ |
| | এপ্রিল, ২৬ | ১৬,২৪,৫২২ | | এপ্রিল, ২৬ | ১,৪২,৮৬৯ | | এপ্রিল, ২৬ | ৮৭,১৩৩ |
| | মে, ২৬ | | | মে, ২৬ | | | মে, ২৬ | |
| | মোট= | ২,৬৩,১৯,৮২৪ | | মোট= | ২১,১৬,১৮৯ | | মোট= | ৯,৪৬,৭৮৩ |

**৪.২.২ সিদ্ধান্ত:** সরকারের ব্যয় সংকোচন নীতি সংশ্লিষ্ট সকলকে অনুসরণ করতে হবে।

৪.১.৩ বাস্তবায়নে: অর্থ উইং।

## ৫.০ আলোচ্য বিষয়: যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ উইং এর বিষয়াবলি

৫.১.১ আলোচনা:

ক) ২০২৫-২০২৬ অর্থবছরে ২,৬৪,৪৪৫ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। মে ২০২৬ মাস পর্যন্ত ২,৩৩,৩৬৯ জনের প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন হয়েছে।

খ) সনদপত্র প্রশিক্ষণের শেষ দিন প্রদানের লক্ষ্যে চলতি অর্থবছরে (২০২৫-২০২৬) হতে ই-সনদ প্রদানের লক্ষ্যে সফ্টওয়্যারের কাজ চলমান রয়েছে। প্রশিক্ষণ শেষে যাতায়াত ভাতা প্রদানের বিষয়টি মনিটরিং করা হচ্ছে এবং বিকাশ ও রকেট এর মাধ্যমে MFS পদ্ধতিতে ভাতা প্রদান বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে।

গ) প্রশিক্ষণার্থীদের আবাসন ও খাবারের বিষয়ে নিয়মিত পরিবীক্ষণ করা হচ্ছে।

ঘ) কম্পিউটার বেসিক এ্যান্ড আইসিটি এ্যাপ্লিকেশন কোর্স ও গ্রাফিক্স ডিজাইন কোর্সে বাজেট প্রাপ্তি সাপেক্ষে যাতায়াত ভাতা প্রদান করা হবে।

ঙ) উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স ০৭ দিনের পরিবর্তে ১৪ দিন/ ২১ দিন/ ১ মাস উন্নীত করণের সুপারিশ বাজেট প্রাপ্তি সাপেক্ষে বাস্তবায়ন করা হবে। **এ লক্ষ্যে ১০টি কারিকুলাম প্রস্তুত করা হয়েছে।**

চ) ৬১০টি অচল কম্পিউটার নীতিমালা অনুযায়ী অকেজো ঘোষণাপূর্বক নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অর্থশাখায় ইউও নোট প্রদান করা হয়েছে। একই সাথে মেরামতযোগ্য ১০৩৬ টি কম্পিউটার মেরামত করার ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হয়েছে।

ছ) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর মানদন্ড অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত এনএসডিএ-এর এসটিপি নিবন্ধন, কোর্স নিবন্ধন এবং অ্যাসেসমেন্ট সেন্টার হিসেবে স্বীকৃতির জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের ৮টি বিভাগীয় জেলা কার্যালয়ে প্রশিক্ষণ সেন্টার হিসাবে নিবন্ধন করা হয়েছে। ৮টি বিভাগীয় জেলা কার্যালয়ে পরিচালিত প্রশিক্ষণ ট্রেডসমূহের মধ্যে (১) ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং, (২) ইলেকট্রনিক্স, (৩) রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, (৪) ব্লক, বাটিক ও স্ক্রিন প্রিন্টিং ও (৫) পোশাক তৈরি ট্রেডের প্রশিক্ষণার্থীদের জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর মানদন্ড অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত প্রশিক্ষণ সেন্টারসমূহের নিবন্ধন, কোর্স নিবন্ধন এবং Assesment Center হিসেবে স্বীকৃতি প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা কর্তৃক আবেদন করা হয়েছে।

জ) প্রশিক্ষণ কেন্দ্রসমূহে যন্ত্রপাতি উপকরণ অকেজো ঘোষণা করে নিষ্পত্তি করা এবং মেরামতযোগ্য যন্ত্রপাতিগুলো মেরামত এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ শাখায় ইউও নোট প্রদান করা হয়েছে।

**সমন্বয় সভায় প্রশিক্ষণ শাখার উপস্থাপনযোগ্য প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি:**

| নং | বিবরণ | প্রশিক্ষণের বার্ষিক ও ক্রমপুঞ্জিত অগ্রগতি। | | | |
|---|---|---|---|---|---|
| ০১ | প্রাতিষ্ঠানিক | ২০২৫-২০২৬ অর্থবছরের | | মন্তব্য | ক্রমপুঞ্জিত (শুরু থেকে মে ২০২৬ পর্যন্ত) |
| | | প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা (জুলাই/২৫-জুন/২৬) | অর্জন (জুলাই/২৫-মে/২৬) | | |
| | প্রাতিষ্ঠানিক (আবাসিক) | ১১৩৪০ জন | ১০৪২৪ জন | ৬ মাস মেয়াদী ২য় ব্যাচের প্রশিক্ষণ চলমান | ৭৮,৮৮,৬৪৮ জন। |
| | প্রাতিষ্ঠানিক (অনাবাসিক) | ৪৭৭৮৫ জন | ৩১৯৬১ জন | | |
| | প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ মোট | ৫৯১২৫ জন | ৪২৩৮৫ জন | | |
| ০২ | অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ | - | - | | |
| | অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ উপজেলা পর্যায়ের রাজস্বখাতভুক্ত প্রশিক্ষণ | ২০৫৩২০ জন | ১৯০৯৮৪ জন | | |
| সর্বমোট প্রাতিষ্ঠানিক+ অপ্রাতিষ্ঠানিক) | | ২,৬৪,৪৪৫ জন | ২,৩৩,৩৬৯ জন | | |

**৫.১.২ সিদ্ধান্ত:**

ক) ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ বাস্তবায়ন করতে হবে।

খ) সনদপত্র প্রশিক্ষণের শেষ দিন এবং যাতায়াত ভাতা প্রশিক্ষণ শেষে যত দ্রুত সম্ভব বিতরণ নিশ্চিত করতে হবে।

গ) আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থীদের আবাসন ব্যবস্থা ও খাবারের বিষয়ে সচেতন থাকতে হবে।

ঘ) সকল জেলা কার্যালয়ের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দেখা যায় সরবরাহকৃত মোট ৩৭০০টি কম্পিউটারের মধ্যে সচল ২০৫৪টি মেরামতযোগ্য ১০৩৬টি অচল ৬১০টি। ৬১০টি অচল কম্পিউটার বিদ্যমান নীতিমালা অনুযায়ী অকেজো ঘোষনা ও বিক্রয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

ঙ) ৮টি বিভাগীয় জেলায় NSDA এর অধীনে রেজিষ্ট্রেশন করা হয়েছে। অবশিষ্ট ৫৬ জেলায় রেজিষ্ট্রেশন করতে হবে।

চ) প্রশিক্ষণ কেন্দ্রসমূহে যন্ত্রপাতি উপকরণ অকেজো ঘোষণা করে নিষ্পত্তি করতে হবে। মেরামতযোগ্য যন্ত্রপাতিগুলো মেরামত করতে হবে।

৫.১.৩ বাস্তবায়নে: প্রশিক্ষণ ও অর্থ উইং।

## ৬.০ আলোচ্য বিষয়: সিড ফাইন্যান্সিং উইং এর বিষয়াবলি

৬.১.১ আলোচনা:

| নং | বিষয় | অগ্রগতি | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | ঋণ বিতরণ ও খেলাপী বিষয়ক | ২০২৫-২৬ অর্থবছরে মে ২০২৬ পর্যন্ত কার্যক্রমের অগ্রগতির চিত্র নিম্নরূপ: (কোটি টাকায়) | | | | | | | | | | |
| | | ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা | | অগ্রগতি মে ২০২৬ পর্যন্ত | | চলমান আদায় মে ২০২৬ পর্যন্ত | | | খেলাপী (বছরের শুরুতে) | | বিবেচ্য মাস পর্যন্ত খেলাপী | |
| | | জন | টাকা | জন | টাকা | আদায় যোগ্য | আদায় কৃত | হার | কিস্তি খেলাপী | ঋণ খেলাপী | কিস্তি খেলাপী | ঋণ খেলাপী |
| | | ৩৩০৪৪ জন | ৩৩৯.৮১ কোটি | ১৮৭৭৯ জন (৫৬.৮৩%) | ১৪৩.৮৬ কোটি ৪২.৩৩% | ১০.৬৬কোটি | ৯.৫৪ কোটি | ৮৯.৪৯% | ১১.০৫ কোটি | ৯১.৪৯ কোটি | ১০.০২ কোটি | ৯২.৯৮ কোটি |

| নং | বিষয় | আলোচনা | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| ২. | ঋণ বিতরণ | ২০২৫-২৬ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জন। | লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ২০২৫-২৬ অর্থবছরের মে ২০২৬ পর্যন্ত ১৮৭৭৯ জনের মধ্যে ১৪৩ কোটি ৮৬ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে।<br>বিতরণের অগ্রগতি (জন) ৫৬.৮৩% |
| ৩. | খেলাপী ঋণ | কিস্তি খেলাপী এবং মেয়াদ উত্তীর্ণ ঋণ খেলাপী আদায়। | জুন ২০২৬ এর মধ্যে কিস্তি খেলাপী শূন্যে এবং খেলাপী থেকে ২১ কোটি টাকা আদায় করতে হবে। | ২০২৫-২৬ অর্থবছর মে মাস পর্যন্ত ঋণ খেলাপী থেকে ৭ কোটি ৩৩ লক্ষ ৬৫ হাজার টাকা আদায় হয়েছে। |
| ৪. | ঋণ আদায় | | চলমান আদায় ১০০% -এ উন্নীত করতে হবে। | মে -২৬ মাসে চলমান আদায়ের গড় অর্জন- ৮৯% I তবে ৮০% এর নিচে চলমান আদায় - ৯ টি জেলায় বিরাজমান<br>আত্মকর্ম ও পরিবার: গোপালগঞ্জ ৭৯%, ফেনী ৭৮%, হবিগঞ্জ ৭৮%, শেরপুর ৭৮%, নারায়ণগঞ্জ ৭৬%, মেহেরপুর ৭৬%, খাগড়াছড়ি ৭৪%, ঠাকুরগাঁও ৭০% ও কুড়িগ্রাম ৬১% |
| ৫. | মোবাইল ব্যাংকিং -এর মাধ্যমে যুব ঋণের কিস্তি আদায় | বর্তমানে ১৮ জেলায় মোবাইল ব্যাংকের মাধ্যমে যুব ঋণের কিস্তি আদায় কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। | ঋণের কিস্তির টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আদায় ও জমা অব্যাহত রাখতে হবে। পর্যায়ক্রমে সকল জেলায় মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ঋণের কিস্তির টাকা আদায় করতে হবে। | যে সকল উপজেলায় মোবাইল ব্যাংকের মাধ্যমে ঋণের কিস্তি আদায় হচ্ছে সে সকল উপজেলার সকল ঋণীকে এ কার্যক্রমের আওতায় আনার জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা দেওয়া হয়েছে। |
| ৬. | ঋণের ডাটাবেজে তথ্য আপলোড করণ | বিগত মাস পর্যন্ত ঋণের ডাটাবেজে-এ এন্ট্রিকৃত ডাটার পরিমাণ ছিল ৮,২৪,২২১ টি, এ মাসে তা বৃদ্ধি পেয়ে ৮,৩৫,০০৩ টিতে উপনীত হয়েছে। | ক. অনলাইন ঋণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে;<br>খ. ঋণ কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহি আনয়নের লক্ষ্যে প্রতিটি উপজেলার ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত ডাটাবেজ নিয়মিত হালনাগাদ রাখতে হবে। | ঋণের ডাটাবেজ হালনাগাদ রাখতে এবং ঋণের মাস্টার রেজিস্টারে সকল আদায় এন্ট্রি দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য নিয়মিত তদারকি করা হচ্ছে। |
| ৭. | খেলাপী ঋণ আদায় | উপজেলাভিত্তিক খেলাপী ঋণীদের গ্রেডিং করে অধিক খেলাপী বিশিষ্ট উপজেলা চিহ্নিত করে খেলাপী আদায়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। | খেলাপী আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে জেলাওয়ারী পত্র দিতে হবে। | খেলাপী আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে জেলাওয়ারী পত্র প্রদান করা হয়েছে এবং নিয়মিত তদারকি করা হচ্ছে। |

| নং | বিষয় | আলোচনা | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| ৮. | সমাপ্ত জোরদারকরণ ও উত্তরবঙ্গ প্রকল্পের খেলাপী ঋণ আদায় | সমাপ্ত জোরদারকরণ প্রকল্প ও উত্তরবঙ্গ প্রকল্পের আওতায় বিরাজমান খেলাপী ঋণ আদায় সংক্রান্ত | সমাপ্ত জোরদারকরণ প্রকল্প ও উত্তরবঙ্গ প্রকল্পের আওতায় যে সকল উপজেলায় খেলাপী বিরাজমান সে সকল উপজেলার বিরাজিত খেলাপী টাকা আদায় করতে হবে। | জোরদারকরণ প্রকল্পের আওতায় ৫৭ জেলার ৪৪৫ উপজেলায় ১৬৪৭.৩৫ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। তন্মধ্যে ৩৩৭টি উপজেলার সমুদয় ঋণ পরিশোধ হয়েছে। অবশিষ্ট ১০৮টি উপজেলায় ৫৩ লক্ষ ৭৫ হাজার টাকা খেলাপী বিরাজমান এবং উত্তরবঙ্গ প্রকল্পের আওতায় ৪৭ টি উপজেলায় ১২ কোটি ৫৬ লক্ষ ৬৮ হাজার টাকা খেলাপী বিরাজমান রয়েছে। জোরদারকরণ প্রকল্পের আওতায় ৬৯টি উপজেলায় খেলাপী ঋণ আদায়ের পত্র দেওয়া হয়েছে। |
| ৯. | ঋণের অর্থ আত্মসাতের বিষয়ে অনাপত্তি প্রদান | - | ঋণ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট জনবলের অবসরোত্তর সুবিধাদি মঞ্জুরীর পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ঋণের কোনো অর্থ আত্মসাত রয়েছে কিনা সে বিষয়ে সিড ফাইন্যান্সিং উইং-এর মতামত/ অনাপত্তি গ্রহণ করতে হবে। | কল্যাণ শাখা থেকে ২৫৪ জনের অনাপত্তি প্রদানের অনুরোধ পাওয়া গিয়েছে। তন্মধ্যে ২১৮ জনের অনাপত্তিপত্র কল্যাণ শাখায় প্রদান করা হয়েছে। অবশিষ্টদের মধ্যে ৩৬ জনের তথ্য প্রদানের জন্য মাঠে পত্র প্রদান করা হয়েছে। |

**৬.১.২ সিদ্ধান্ত**

(ক) চলমান আদায় ১০০% বজায় রাখতে হবে।

(খ) অনলাইন ঋণ কার্যক্রম ব্যবস্থাপনা অব্যাহত রাখতে হবে এবং মাস শেষে যাচাইপূর্বক তথ্যের সঠিকতা নিশ্চিত করতে হবে।

(গ) ঋণের কিস্তির টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আদায় অব্যাহত রাখতে হবে।

(ঘ) পিআরএল এ যাওয়া জনবলের ঋণ কার্যক্রমে অনাপত্তি প্রদান সংক্রান্ত প্রত্যয়ন প্রদানের পূর্বে উপজেলায় তার কর্মকালীন প্রতিটি ঋণের তথ্য ডাটাবেজে এন্ট্রি নিশ্চিত করে কোনো অর্থ আত্মসাত বা ঋণ বিতরণে অনিয়ম করা হয়েছে কিনা তা যাচাইপূর্বক প্রত্যয়ন প্রদান করতে হবে।

(ঙ) আগামী ৩০ জুন ২০২৬ এর মধ্যে সকল উপজেলার ঋণের ডাটা ঋণের অনলাইন ডাটাবেজে এন্ট্রি করতে হবে।

**৬.১.৩ বাস্তবায়নে:** সিড ফাইন্যান্সিং উইং ।

## ৭.০ আলোচ্য বিষয়: পরিকল্পনা উইং এর বিষয়াবলি

**৭.১.১ আলোচনা:**

ক) ২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপি বরাদ্দ (মে ২০২৬ পর্যন্ত): (লক্ষ টাকায়)

| নং | মোট প্রকল্প | আরএডিপি বরাদ্দ | ব্যয় শতকরা হার |
|---|---|---|---|
| ০১. | ১০টি | ৫৭৮১১.৯৮ | ২২০৯৫.৪৯<br>৩৮.২২% |

**৭.১.২ সিদ্ধান্ত:** নতুন প্রকল্পের পরিকল্পনা উপস্থাপন করতে হবে।

৭.১.৩ বাস্তবায়নে : পরিকল্পনা উইং।

## ৮.০ বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন উইং এর বিষয়াবলি

৮.১.০ আলোচ্য বিষয়: **পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত।**

৮.১.১ আলোচনা: মে/২০২৬ মাসে ১৫টি পরিদর্শন প্রতিবেদন পাওয়া গিয়েছে পর্যালোচনান্তে উল্লেখিত সমস্যা সমাধানের জন্য অধিদপ্তরের প্রশাসন উইং-এ ইউ.ও নোট প্রেরণ করা হয়েছে।

**৮.১.২ সিদ্ধান্ত:** মহাপরিচালকের কার্যালয়ের যে সকল কর্মকর্তা মাঠ পর্যায়ের কার্যালয় পরিদর্শন করবেন পরিদর্শন শেষে প্রতিবেদন বাধ্যতামূলকভাবে পেশ/ দাখিল করবেন। জেলাভিত্তিক উপপরিচালকগণ কর্তৃক প্রতিমাসে তাঁর জেলাধীন ৩টি উপজেলা কার্যালয় পরিদর্শন এবং ৩টি আত্মকর্মীর প্রকল্প পরিদর্শনের তথ্য প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।

**৮.২.০ আলোচ্য বিষয়: যুব সংগঠন নিবন্ধন সংক্রান্ত।**

৮.২.১ আলোচনা: যুব সংগঠন নিবন্ধন কার্যক্রম অব্যাহত আছে।

(ক) প্রাপ্ত রিপোর্ট মোতাবেক মে'২০২৬ মাসে যুব সংগঠন নিবন্ধন হয়েছে ৬২ টি।

(খ) জুলাই' ২৫ থেকে জুন' ২৬ পর্যন্ত অর্থবছরে লক্ষ্যমাত্রা ৫০১টির মধ্যে নিবন্ধন হয়েছে ৪৫০টি।

(গ) শুরু থেকে ক্রমপুঞ্জিত অর্জন স্বীকৃতিপ্রাপ্ত যুব সংগঠনের সংখ্যা **২৩৭৫টি** ও নিবন্ধনকৃত যুব সংগঠনের সংখ্যা ৬২৫৭টি।

(ঘ) স্বীকৃতিপ্রাপ্ত ও নিবন্ধিত যুব সংগঠনের মোট সংখ্যা ৮৬৩২টি।

(ঙ) যুব উন্নয়ন অধিদপ্তরের নিবন্ধন/স্বীকৃতি প্রাপ্ত সংগঠনের সমন্বিত তালিকা পুস্তকারে প্রকাশ করা হয়েছে।

**৮.২.২ সিদ্ধান্ত:**

১। অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী যুব সংগঠন নিবন্ধন নিশ্চিত করতে হবে। যুব সংগঠন নিবন্ধন কার্যক্রম যথাযথভাবে তদারকি করতে হবে।

২। যুব সংগঠনের হালনাগাদ তালিকা ওয়েব সাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। নিবন্ধিত যুব সংগঠনের তালিকা সম্বলিত বই প্রকাশিত হওয়ায় পরবর্তী কর্মসূচী বাদ দেওয়া হলো।

**৮.৩.০ আলোচ্য বিষয়: মাঠ পর্যায়ে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী প্রধান কার্যালয়ে নির্ধারিত সময়ে প্রেরণ**

**৮.৩.১ আলোচনা:** মে/২০২৬ মাসে ৬৩ টি জেলা কার্যালয়ের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। জেলার মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে উল্লেখিত সমস্যা চিহ্নিত করে সংশ্লিষ্ট উইং এর পরিচালকগণের নিকট ইউও নোট প্রদান করা হয়েছে। যে ০৯টি জেলা হতে মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাওয়া যায়নি সে সকল জেলায় তাগিদ পত্র প্রদান করা হয়েছে। উল্লেখ্য নারায়ণগঞ্জ জেলা থেকে এপ্রিল/২০২৬ ও মে/২০২৬ মাসের কার্যবিবরণী পাওয়া যায়নি।

**৮.৩.২ সিদ্ধান্ত:**

(ক) মাঠ পর্যায়ে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভা অনুষ্ঠানের ৩(তিন) কর্মদিবসের মধ্যে আবশ্যিকভাবে সভার কার্যবিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(খ) বাস্তবায়ন উইং হতে এ বিষয়ে তদারকি করে কার্যবিবরণী সংগ্রহ এবং কার্যবিবরণীতে উল্লিখিত সমস্যা ও সুপারিশের আলোকে বাস্তবায়নযোগ্য বিষয়াদি নিষ্পন্ন করতে হবে।

(গ) যে সকল জেলার কার্যাবিবরণী পাওয়া যায় নাই তাদের তালিকা সংগ্রহপূর্বক এ বিষয়ে প্রতি মাসের সমন্বয় সভায় টেবিল আকারে তথ্য উপস্থাপন করতে হবে।

**৮.৪.০ আলোচ্য বিষয়: ''শান্তি শৃঙ্খলা উন্নয়নে এবং সামাজিক সচেতনতায় যুবদের/নৈতিকতা অবক্ষয় ও বিপথগামীতা রোধকল্পে যুবদের ভূমিকা'' শীর্ষক জনসচেতনতামূলক অনুষ্ঠান/ কর্মশালা সংক্রান্ত**

**৮.৪.২ আলোচনা:**

(ক) ''শান্তি শৃঙ্খলা উন্নয়নে এবং সামাজিক সচেতনতায় যুবদের ভূমিকা'' শীর্ষক অনুষ্ঠান আয়োজন মে' ২৬ মাসে অর্জন হয়েছে **১৭০ টি**।

(খ) ২০২৫-২০২৬ অর্থবছরে ''শান্তি শৃঙ্খলা উন্নয়নে এবং সামাজিক সচেতনতায় যুবদের ভূমিকা'' শীর্ষক অনুষ্ঠানের আয়োজনের লক্ষ্যমাত্রা **৫৬৫** টি এর মধ্যে মে'২৬ মাস পর্যন্ত মোট ৫৪০টি অনুষ্ঠানের আয়োজন সম্পন্ন হয়েছে।

**৮.৪.৩ সিদ্ধান্ত:** ''শান্তি শৃঙ্খলা উন্নয়নে এবং সামাজিক সচেতনতায় যুবদের/নৈতিকতা অবক্ষয় ও বিপথগামীতা রোধকল্পে যুবদের ভূমিকা'' শীর্ষক জনসচেতনতামূলক অনুষ্ঠান/ কর্মশালার ২০২৫-২০২৬ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী ৫৬৫টি অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

**৮.৫.০ আলোচ্য বিষয়: জাতীয় যুব কাউন্সিল সংক্রান্ত**

**৮.৫.১ আলোচনা:** জাতীয় যুব কাউন্সিল নীতিমালার সংশোধনী প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

**৮.৫.২ সিদ্ধান্ত:** জাতীয় যুব কাউন্সিল গঠনের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

৮.৫.৩ বাস্তবায়নে: বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন উইং।

## ৯.০ আলোচ্য বিষয়: যুব উন্নয়ন একাডেমি এর কার্যক্রম

**৯.১.১ আলোচনা:**

(১) চলতি অর্থবছরের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ও অগ্রগতিসহ চলমান প্রশিক্ষণ কোর্স সংক্রান্ত আলোচনা হয়। যুব উন্নয়ন একাডেমির কার্যক্রমের তথ্য বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়।

| ২০২৫-২০২৬ অর্থবছরের লক্ষ্যমাত্রা | | | | পূর্ববর্তী মাস পর্যন্ত অগ্রগতি | | | | বর্তমান মাসের অগ্রগতি | | | | মোট অগ্রগতি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রাজস্ব | | প্রকল্প | | রাজস্ব | | প্রকল্প | | রাজস্ব | | প্রকল্প | | রাজস্ব | | প্রকল্প | |
| ব্যাচ | জন | ব্যাচ | জন | ব্যাচ | জন | ব্যাচ | জন | ব্যাচ | জন | ব্যাচ | জন | ব্যাচ | জন | ব্যাচ | জন |
| ৮ ব্যাচ | ২৭০ | ২৪ | ৭২০ | ০৬ | ১৮০ | ২২ | ৬৬০ | ০১ | ৩০ | ০১ | ৩০ | ০৭ | ২১০ | ২৩ | ৬৯০ |

(২) গবেষণা নীতিমালার খসড়া প্রস্তুত করে যুব উন্নয়ন একাডেমি থেকে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে পরিচালক (প্রশাসন) কে সভাপতি করে ৭(সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। উক্ত

কমিটির সভা গত ১৫/০৩/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। ২১ এপ্রিল ২০২৬ তারিখ ৩৪.০১.০০০০.০০৫.১৯.০৫৩.২৪-৭২১ সংখ্যক স্মারকে "গবেষণা ও পরামর্শ সেবা পরিচালনা নীতিমালা, ২০২৬ (প্রস্তাবিত)" খসড়া নীতিমালাটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

**৯.১.২ সিদ্ধান্ত:**

১। যুব উন্নয়ন একাডেমির কার্যক্রমের তথ্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করতে হবে।

২। গবেষণা সেল প্রতিষ্ঠার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

২.১.৩ বাস্তবায়নে: যুব উন্নয়ন একাডেমি, সাভার, ঢাকা।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬.০৬.২০২৬

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ২২৩৩৮৯৩৮৯।
E-mail: dg@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.০৬.১৯৪.১৯- ১১৪২

তারিখ: ০৩ আষাঢ় ১৪৩২ / ১৭ জুন ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল),................................, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। উপপরিচালক, মহাপরিচালকের কার্যালয় (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। প্রোগ্রামার উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৬। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৭। সহকারী পরিচালক/ সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা/ নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৮। জনাব ........................................................................., যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১৭.০৬.২০২৬

(মোঃ মাজহারুল হক)
সহকারী পরিচালক (প্রশাসন-৫)
ফোনঃ ০২-২২৩৩৮৭৭৭৩
E-mail: adadmin5@dyd.gov.bd